

নীলকণ্ঠ !

জানি বন্ধু , জানি আমি প্রকৃতির পূর্ণ-লীলা-পটে
বিশ্বের অনাদি যিনি তারি মুক্তি-রস সর্বঘণ্টে
উচ্ছলিছে নিশিদিন ; জানি তাই পত্রপুষ্পদলে
সচঞ্চল তারি মায়া বিছাইছে তৃপ্ত জলে স্থলে
অস্তুরে অস্তুর ঘারে ; কিন্তু প্রাণ আসি এ ধরায়
অপূর্ণ এ মানবের খণ্ডদান কণ্ঠ ভরি চায়
পূর্ণতারে দূরে রাখি ;—স্নেহচক্ষে দেখিয়াছে তারে
জীর্ণবেশা অন্ধতায় ; মোহের বন্ধনে বারে বারে
শৃঙ্খলিত তাই সে যে ; তবু সেথা দুঃখ-মোহ-রেখা
ক্ষীণ করি যে আনন্দ ক্ষণে ক্ষণে দিতেছেন দেখা ;
পিতার অনন্ত স্নেহে, মাতার অনন্ত বক্ষ ভ'রে
এ পরাণ চিরদিন সেই কথা রাখে বন্ধু স্ম'রে ;—
• সেজেছে সে নীলকণ্ঠ ; কণ্ঠে বিষ করেছে সঞ্চয়
হৃদয়ে গোপনে সুধা শাস্বতের নিত্য গাহে জয় !

•
শ্রীভূপেন্দ্র নাথ সেন,
দ্বিতীয় বার্ষিক শ্রেণী,—
•
“ঘ” শাখা
